

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নবীগঞ্জ, হবিগঞ্জ

স্মারক : ৩১.৪৬.৩৬৭৭.০০০.০২.০০৪.২২- ৯৯৪

তারিখ: ১৬ নভেম্বর ২০২২

“খাস আদায় বিজ্ঞপ্তি”


এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবীগঞ্জ, হবিগঞ্জ এর ০১ আগস্ট ২০২২ তারিখের ৭৫১ নম্বর স্মারকের প্রেক্ষিতে উপজেলাধীন ২০(বিশ) একর পর্যন্ত অ-ইজারাকৃত ০৭(সাত)টি জলমহাল (সংযুক্ত তালিকা) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ এর ১৬ ধারা মোতাবেক ১৪২৯ বাংলা ৩০ চৈত্র সময়ের জন্য নিম্নবর্ণিত শর্তে প্রকাশ্যে নিলাম ডাকের মাধ্যমে খাস আদায় করা হবে।

০২। এমতাবস্থায়, খাস কালেকশনে অগ্রহী প্রকৃত মৎস্যজীবী/মৎস্যজীবী সমিতিকে আগামী ২২ নভেম্বর ২০২২ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১:০০টায় জলমহালভুক্ত স্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : অ ইজারাকৃত জলমহালের তালিকা, ০১(এক) পাতা।

শর্তাবলী :-

- ০১। সর্বোচ্চ দরদাতাকে খাস কালেকশনের অনুমতি প্রদান করা হবে।
- ০২। খাস কালেকশনের আদেশ/মেয়াদ ৩০ চৈত্র ১৪২৯ বাংলা পর্যন্ত বলবৎ থাকবে।
- ০৩। খাস কালেকশনের জন্য ধার্যকৃত মূল্য (১৫% ভ্যাট ও ৫% আয়করসহ) এককালীন পরিশোধ করতে হবে।
- ০৪। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০৫। স্বত্ব মামলা/রীট পিটিশন/আদালতের নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ অংশ ব্যতীত ভূমি খাস কালেকশনের অন্তর্ভুক্ত থাকবে।



(শাহীন দেলোয়ার)
সহকারী কমিশনার (ভূমি)
ও সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ

স্মারক : ৩১.৪৬.৩৬৭৭.০০০.০২.০০৪.২২- ৯৯৪/০(৩)

তারিখ: ১৬ নভেম্বর ২০২২


অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ০১। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ।
- ০৪। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), নবীগঞ্জ। (বিজ্ঞপ্তিটি নোটিশবোর্ডে প্রচারের জন্য)
- ০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), নবীগঞ্জ। (বিজ্ঞপ্তিটি মাইকিং এর মাধ্যমে প্রচারের জন্য)
- ০৬। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, নবীগঞ্জ।


(শাহীন দেলোয়ার)
সহকারী কমিশনার (ভূমি)
নবীগঞ্জ, হবিগঞ্জ

নবীগঞ্জ উপজেলাধীন অইজারাকৃত জলমহালগুলোর তালিকা

ক্রম	জলমহালের নাম	সরকারি ইজারামূল্য	মন্তব্য
০১	দিঘা বিল	৭,৭২০/-	
০২	জিড়াউন্দা চিড়া বিল	১,১০২/-	
০৩	কেল্লা দিঘা কাথা উজা	৫,৮২৪/-	
০৪	দিঘালিয়া ও ডুমলার ডোবা	৩৮,৮৫০/-	
০৫	কাছিম চারিয়া	৬৪,৭২৭/-	মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং- ২৫১৯/২০২০ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট এর রাজস্ব মিস আপিল ক-১৭/২০১৯ আবদ্ধ রয়েছে। নিষ্পত্তি সাপেক্ষে ব্যবস্থা নেওয়া যাবে।
০৬	তেলিকুপা বিল	৪০,৫১৭/-	
০৭	জাওরখাড়া	১,৬৬,৮৫০/-	



(শাহীন দেলোয়ার)

সহকারী কমিশনার (ভূমি)

ও সদস্য সচিব

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

নবীগঞ্জ, হবিগঞ্জ